



জনাব মুহম্মদ আনোয়ার হোসেন  
(উপসচিব)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

মুহম্মদ আনোয়ার হোসেন ৩০ জুন ২০২১ তারিখে বিকেএসপি'তে পরিচালক (প্রশাসন ও অর্থ) পদে যোগদান করেন। তিনি ০১ ডিসেম্বর ১৯৭৪ তারিখে মানিকগঞ্জ জেলার সিংগাইরে জন্মগ্রহণ করেন। তিনি বিসিএস ২২তম ব্যাচের কর্মকর্তা। এ পদে যোগদানের পূর্বে তিনি মার্চ ২০০০ থেকে নভেম্বর ২০০৩ পর্যন্ত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সহকারী প্রকৌশলী, ডিসেম্বর ২০০৩ থেকে আগস্ট ২০০৬ পর্যন্ত নারায়ণগঞ্জ সাইলোতে সহকারী রক্ষণ প্রকৌশলী, সেপ্টেম্বর ২০০৬ থেকে আগস্ট ২০১১ পর্যন্ত চট্টগ্রাম সাইলোতে সহকারী রক্ষণ প্রকৌশলী, সেপ্টেম্বর ২০১১ থেকে জুন ২০১২ পর্যন্ত খাদ্য অধিদপ্তরের সহকারী পরিচালক, জুলাই ২০১২ থেকে মার্চ ২০১৪ পর্যন্ত খাদ্য অধিদপ্তরে উপ-পরিচালক (উন্নয়ন), এপ্রিল ২০১৪ থেকে এপ্রিল ২০১৬ পর্যন্ত ১.০৫ লক্ষ ধারণক্ষমতার ১৫৮টি নতুন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক, মে ২০১৬ থেকে জুন ২০১৮ পর্যন্ত মংলা সাইলোতে রক্ষণ প্রকৌশলী, জুলাই ২০১৮ থেকে আগস্ট ২০১৮ পর্যন্ত খাদ্য অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক, সেপ্টেম্বর, ২০১৮ থেকে জানুয়ারি ২০২০ পর্যন্ত আশুগঞ্জ সাইলোর সাইলো সুপার, ফেব্রুয়ারি ২০২০ থেকে ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত সরকারী আধুনিক ময়দা মিল পোস্তুগোলা, ঢাকার প্রধান মিলার এবং মার্চ ২০২১ থেকে ২৯ জুন ২০২১ তারিখ পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পদে দায়িত্ব পালন করেছেন।

তিনি রুয়েট হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি এবং DAAD স্কলারশিপ নিয়ে জার্মানির ওল্ডেনবার্গ বিশ্ববিদ্যালয় হতে রিনিউএবল এনার্জি'র উপর এমএসসি ডিগ্রী অর্জন করেন। তিনি দেশে-বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান হতে পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলন ও সেমিনারে অংশগ্রহণ করেছেন। তিনি সরকারী ও ব্যক্তিগতভাবে ০৫টি দেশে সফর করেছেন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক।